

অধ্যাপকদের অনলাইনে বদলির আবেদন শুরু ১ সেপ্টেম্বর



প্রতীকী ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ আগস্ট ২০২৪ | ১১:৫৭ | আপডেট: ২৬ আগস্ট ২০২৪ | ১২:০৬



বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারভুক্ত সরকারি কলেজের অধ্যাপকদের অনলাইনে বদলি আবেদন শুরু হবে ১ সেপ্টেম্বর থেকে। চলবে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, বদলি নীতিমালা-২০২০ অনুযায়ী, সংশ্লিষ্টদের অনলাইনে বদলির আবেদন দাখিল করতে হবে। অনলাইন ব্যতীত অন্য কোনো উপায়ে পাঠানো বা পেশ করা আবেদন বিবেচনা করা হবে না।

বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের অধ্যাপকদের বদলি নীতিমালা-২০২০ অনুযায়ী অধ্যক্ষ, উপাধ্যক্ষের শূন্য পদে বদলির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ ও মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের (www.shed.gov.bd অথবা www.dshe.gov.bd) লিঙ্ক ব্যবহার করে অনলাইনে আবেদন করার পরামর্শ দেওয়া হলো। অধ্যাপকদের করা আবেদন অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রতিষ্ঠানপ্রধানদের ১৬ সেপ্টেম্বরের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অগ্রায়ণ করার জন্য বলা হয়েছে।